# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (ক) মহান স্রষ্টা বিষয়ক জাল হাদীস [স্রষ্টা, সৃষ্টি ও পূর্ববর্তী নবীগণ ]

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. মুমিনের কালব আল্লাহর আরশ

সমাজের বহুল প্রচলিত একটি বাক্য: ‘‘মুমিনের হৃদয় আল্লাহর আরশ’’: ‘বাড়ির পাশে আরশি নগর’!! এ বিষয়ে বিভিন্ন বাক্য প্রচলিত, যেমন:

الْقَلْبُ بَيْتُ الرَّبِّ : হৃদয় প্রভুর বাড়ি।

قَلْبُ الْمُؤْمِنِ عَرْشُ اللهِ : মুমিনের হৃদয় আল্লাহর আরশ।

مَا وَسِعَنِيْ أَرْضِيْ وَلاَ سَمَائِيْ وَلَكِنْ وَسِعَنِيْ قَلْبُ عَبْدِيْ الْمُؤْمِن

আমার যমিন এবং আমার আসমান আমাকে ধারণ করতে পারে নি, কিন্তু আমার মুমিন বান্দার কলব বা হৃদয় আমাকে ধারণ করেছে।

এগুলো সবই বানোয়াট হাদীস। কোনো কোনো আলিম বাক্যগুলি তাঁদের গ্রন্থে সনদবিহীনভাবে হাদীস হিসাবে উল্লেখ করেছেন। মুহাদ্দিসগণ অনেক গবেষণা করেও এগুলোর কোন সনদ পান নি, বা কোন হাদীসের গ্রন্থে এগুলোর উল্লেখ পান নি। এগুলি সনদবিহীন জাল কথা।[1]

### ফুটনোট

[1] মোল্লা আলী কারী, আল আসরার, ১৭০ ও ২০৬ পৃ; আল-মাসনূয়, ১০০ ও ১৩০ পৃ; যারকানী, মুখতাসারুল মাকাসিদ ১৪৬ ও ১৭১ পৃ; আহমাদ ইবন তাইমিয়া, আহাদীসুল কুসসাস, ৫৩-৫৫ পৃ; সাখাবী, আল-মাকাসিদ আল-হাসানা, ৩১৫ ও ৩৭৪ পৃ; ইবনু আর্রাক, তানযীহ ১/১৪৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4755

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন